কালের কণ্ঠ

তারিখ ... 01 FEB 2016 ...
পৃঃ ... ২৫ ... কলাম ... ৫ ......

আশুলিয়ায় শিক্ষামন্ত্রী

# আধুনিক প্রজন্ম গড়তে নতুন শিক্ষানীতি

**নিজস্ব প্রতিবেদক, সাভার (ঢাকা)** ▷

নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আমরা এত দিন যে গতানুগতিক শিক্ষাব্যবস্থায় পড়ে আসছি, ওই শিক্ষায় আমাদের নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা যাবে না। তাই নতুন শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে।' গতকাল রবিবার দুপুরে আশুলিয়ার বাইপাইলে বিএনসিসি প্রশিক্ষণ মাঠে রমনা রেজিমেন্টের রেজিমেন্টাল ট্রেনিং এক্সারসাইজ সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

এ সময় মন্ত্রী আরো বলেন, 'আজকের যুগে মানুষের হাতে সবচেয়ে বড় শক্তি হচ্ছে আধুনিক জ্ঞান ও প্রযুক্তি। যারা এ আধুনিক জ্ঞান ও প্রযুক্তি আয়ত্ত করতে পেরেছে, নিজেকে দক্ষ করে গড়ে তুলতে পেরেছে এবং যারা এটাকে বাস্তবে প্রয়োগ করতে পেরেছে, তারাই এগিয়ে যাচ্ছে। আমরাও সেই পথে এগিয়ে যেতে চাই।'

বাংলাদেশে পরিশ্রম করলে সবই সম্ভব উল্লেখ করে মন্ত্রী বলেন, দেশের স্বাস্থ্যসেবা ছিল পৃথিবীর মধ্যে সবচেয়ে পেছনে। মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হারও ছিল সবচেয়ে বেশি। কিন্তু বিগত ছয় বছরের প্রচেষ্টায় বাংলাদেশের গ্রামাঞ্চলে প্রতি ছয় হাজার মানুষের জন্য একটি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হয়েছে।

গত ১৯ জানুয়ারি শুরু হওয়া এ ট্রেনিং এক্সারসাইজ সমাপনী কুচকাওয়াজের মাধ্যমে শেষ হয়। এ প্রশিক্ষণে ১০৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৬০৫ জন পুরুষ ও মহিলা প্রশিক্ষণার্থী অংশ নেয়।